

৩০ জুলাই ২০১৯

চলে গেলেন সুপ্রীম চক্রবর্তী

আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর গভীর শোক ও শ্রদ্ধা

মুক্তিযোদ্ধা ও সিলেটের বিশিষ্ট আয়কর আইনজীবী, অ্যাডভোকেট সুলতানা কামালের জীবনসঙ্গী, সুপ্রীম চক্রবর্তী আর নেই। তাঁর মৃত্যুতে আইন ও সালিশ কেন্দ্র (আসক) গভীরভাবে শোক প্রকাশ করেছে ও শ্রদ্ধা জানাচ্ছে।

একজন সাংস্কৃতিক ব্যক্তিত্ব হিসেবে পরিচিত, সুপ্রীম চক্রবর্তী গত দুই সপ্তাহ ধরে বারডেম জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গত ২৯ জুলাই ২০১৯ রোজ সোমবার আনুমানিক রাত ৮টায় শেষ নিশ্বাস ত্যাগ করেন। আমরা তাঁর মৃত্যুতে গভীরভাবে শোকাহত। আসক-এর সকল নির্বাহী সদস্য, সাধারণ সদস্য এবং আসক পরিবারের সকল সদস্য তাঁর পরিবারের সবাইকে আন্তরিক সমবেদনা জানাচ্ছে।

আসক তাঁর আত্মার শান্তি কামনা করেছে।

আসক একটি মানবাধিকার ও আইনগত সহায়তা কেন্দ্র

Ain o Salish Kendra (ASK) is a human rights and legal aid resource centre in consultative status with UNECOSOC
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207, Bangladesh, P.O. Box: 3252, Tel: +88-02-8100192, 8100195, 8100197, Fax: +88-02-8100187
Email: ask@citechco.net, Website: www.askbd.org